

নম্বর: ৪১.০১.০০০০.০২০.০৬.০০১.২০.৩১১

তারিখ: ৩০ জুলাই ২০২৪
১৬ মে ২০২৪

অফিস আদেশ

সমাজসেবা অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কর্মক্ষেত্রে নারীদের যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধ বিষয়ক অভিযোগ গ্রহণ কমিটি পুনর্গঠন করা হলো।

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব
০১	ফেরদৌসী আক্তার, উপপরিচালক (নির্বাচিত বেসরকারি এতিমখানা ও ক্যাপিটেশন গ্রান্ট), সমাজসেবা অধিদপ্তর	সভাপতি
০২	জান্নাতুন নাইম, প্রোগ্রাম অফিসার (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর	সদস্য
০৩	মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রতিনিধি	সদস্য
০৪	বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতির এর প্রতিনিধি	সদস্য
০৫	কানিজ ফাতেমা রহমান, সহকারী পরিচালক (গোপনীয় অনুবেদন), সমাজসেবা অধিদপ্তর	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- সমাজসেবা অধিদপ্তরাধীন প্রধান কার্যালয়, বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়সমূহের সকল পর্যায়ের নারী কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে কর্মক্ষেত্রে যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ গ্রহণ;
- সংশ্লিষ্ট পক্ষসমূহের সম্মতিক্রমে অভিযোগ নিষ্পত্তিকরণ এবং এতদসংক্রান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল;
- কোন অভিযোগ উভয়পক্ষের সম্মতিক্রমে নিষ্পত্তি করা সম্ভব না হলে উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত ও শুনানি কার্যক্রম পরিচালনা, তথ্য প্রমাণ সংগ্রহ এবং সংশ্লিষ্ট দলিলাদি পর্যবেক্ষণ;
- সর্বোচ্চ ৩০ কার্যদিবসের মধ্যে সুপারিশসহকারে তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল;
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বাৎসরিক প্রতিবেদন পেশ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর

(সৈয়দ মোঃ নুরুল বাসির)

যুগ্মসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন : ৫৫০০৭০২২

ই-মেইল: director-admin@dss.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, (সামাজিক নিরাপত্তা/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রালয়, ঢাকা।
- ০৫। প্রেসিডেন্ট, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, ঢাকা।
- ০৬। উপপরিচালক/অধ্যক্ষ (সকল).....।
- ০৭। উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

(চলমান পাতা)